দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 1996
পৃষ্ঠা ৩ কলাম ২

### কিশোরগঞ্জে প্রাথমিক শিক্ষার হাল

# বিগত শিক্ষাবর্ষে ১২ সহস্রাধিক ছাত্র-ছাত্রীর স্কুল ত্যাগ

কিশোরগঞ্জ সংবাদদাতা ।। জেলার প্রাথমিক শিক্ষার হাল অবস্থা খুবই নাজুক। শিক্ষকস্বল্পতা, 'শিক্ষকদের মধ্যে দলাদলি, সংশ্লিষ্ট কর্মকর্তাদের সুষ্ঠু তদারকি ও শিক্ষার পরিবেশের অভাব প্রভৃতি কারণে একদিকে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া যেমন ব্যাহত হইতেছে, অপরদিকে অভিভাবকদের আর্থিক অস্বচ্ছলতা, উদাসীনতা প্রভৃতি কারণে বিদ্যালয়ে ভর্তি হইয়াও উল্লেখযোগ্যসংখ্যক ছাত্র-ছাত্রী প্রতি-বছর মাঝপথে ঝরিয়া পড়িতেছে।

প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, জেলার ১৩টি থানায় ৮০৮টি সরকারী, ৩৫৭টি রেজিষ্টার্ড এবং রেজিষ্ট্রিবিহীন ১২৪টিসহ মোট ১২৮৯টি প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। '৯৫-৯৬ শিক্ষাবর্ষে উল্লেখিত বিদ্যালয়সমূহে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৩ লাখ ২১ হাজার ৮৮০ জন। তন্মধ্যে ১২ হাজার ৫০৩ জন ছাত্র-ছাত্রী মাঝপথে লেখাপড়া ছাড়িয়া দেয়। ঝরিয়া পড়া ছাত্র-ছাত্রীর গড় হার হইতেছে শতকরা ৪ দশমিক ৪ ভাগ। এই হার চারটি হাওর থানায় সবচাইতে বেশী-ইটনায় শতকরা ৭দশমিক ১ভাগ, মিটামইনে

( ৪র্থ পৃঃ দ্রঃ )

# জাহাঙ্গীর আলমের উপর হামলার নিন্দা

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি এম, এ, মান্নান ও সাধারণ সম্পাদক এবিএম মহিউদ্দিন চৌধুরী মঙ্গলবার এক বিবৃতিতে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড (ইউসি বিএল)-এর পরিচালক জাহাঙ্গীর আলম খানের উপর সশস্ত্র ব্যক্তিদের হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করিয়াছেন। তাহারা ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের